গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৯২/২০১৮-১৯
ঢাকা, বুধবার ৭ নভেম্বর ২০১৮, ২৩ কার্তিক ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভায় 'রপ্তানি নীতি-২০১৮' এর খসড়া অনুমোদন

২। বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেলের স্বীকৃতি পাচ্ছে
দুই শিল্পপার্ক ও চামড়া শিল্পনগরী উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রীর নির্দেশে পদত্যাগ করলেন চার টেকনোক্র্যাট মন্ত্রী

৪। ঐক্যফ্রন্টের সঙ্গে দ্বিতীয় দফা সংলাপ আজ
ন্যাপের সঙ্গে সংলাপ সন্ধ্যায়

৫। সবার মতামত নিয়েই গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষায় ব্যবস্থা :
ইসলামী দলগুলোর সঙ্গে সংলাপে প্রধানমন্ত্রী

৬। ওয়ান ইলেভেন সরকার ইলেকশন না করার প্রস্তাব দিয়েছিল
বাম জোটের সঙ্গে সংলাপে প্রধানমন্ত্রী

৭। সংলাপ নিয়ে প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আগামীকাল

৮। মানবকল্যাণে চাই নিরাপদ ইন্টারনেট : তথ্যমন্ত্রী

৯। ৩৮ বছরের কাজ ৭ বছরে করেছি : পরিকল্পনামন্ত্রী
দশ বছরে গড় প্রবৃদ্ধি ৬.৭১ শতাংশ

১০। সব দল চাইলে নির্বাচন পেছানো যেতে পারে : প্রধান নির্বাচন কমিশনার

১১। ফেসবুক ও ইউটিউবে ধর্মীয় অপপ্রচার রোধে ধর্ম মন্ত্রণালয়ের উদ্যোগ

১২। ওয়াসার পানি পরীক্ষায় কমিটি গঠন : হাইকোর্টের রুল

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভায় 'রপ্তানি নীতি-২০১৮' এর খসড়া অনুমোদন**

রপ্তানি বাণিজ্যে গতিশীলতা আনা, ব্যবসা-বাণিজ্য প্রতিযোগিতামূলক করা এবং প্রতিযোগিতামূলক বিশ্বে দেশের অবস্থান সুদৃঢ় করতে 'রপ্তানি নীতি-২০১৮' এর খসড়া অনুমোদন করেছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এছাড়া, গতকাল বাংলাদেশ সড়ক পরিবহণ করপোরেশন আইন-২০১৮ এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

২। **বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেলের স্বীকৃতি পাচ্ছে :**
দুই শিল্পপার্ক ও চামড়া শিল্পনগরী উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০০৯ সাল থেকে একটানা ১০ বছর ক্ষমতায় থাকার ফলে দেশ আর্থসামাজিকভাবে উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ এখন বিশ্বে উন্নয়নের রোল মডেলের স্বীকৃতি পাচ্ছে। দারিদ্র্য হ্রাস পাচ্ছে ও মানুষের জীবনমান উন্নত হচ্ছে, এটাই আমরা চাই। গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রী তাঁর কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মুন্সিগঞ্জের ওষুধ ও সিরাজগঞ্জের বিসিক শিল্পপার্ক এবং সাভারে ট্যানারি ইন্ডাস্ট্রিয়াল সিটি (ট্যানারি শিল্পনগরী) উদ্বোধনকালে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **নিউ এজ** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

৩। **প্রধানমন্ত্রীর নির্দেশে পদত্যাগ করলেন চার টেকনোক্র্যাট মন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে পদত্যাগ করেছেন ৪ টেকনোক্র্যাট মন্ত্রী। তাঁরা হলেন, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ইয়াফেস ওসমান, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার, ধর্মমন্ত্রী মতিউর রহমান এবং প্রবাসী কল্যাণমন্ত্রী নুরুল ইসলাম। গতকাল সন্ধ্যায় তাঁরা প্রধানমন্ত্রী বরাবর পদত্যাগপত্র মন্ত্রিপরিষদ বিভাগে পাঠান। গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) মন্ত্রিসভার বৈঠকের আনুষ্ঠানিক সমাপ্তি শেষে অনানুষ্ঠানিক বৈঠকে ঐ চার টেকনোক্র্যাট মন্ত্রীকে পদত্যাগ করার নির্দেশ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **ঐক্যফ্রন্টের সঙ্গে দ্বিতীয় দফা সংলাপ আজ**
ন্যাপের সঙ্গে সংলাপ সন্ধ্যায়

আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের নেতাদের দ্বিতীয় দফা সংলাপ অনুষ্ঠিত হবে আজ (৭ নভেম্বর বুধবার)। সকাল ১১টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এ বৈঠক অনুষ্ঠিত হবে। আজ ঐক্যফ্রন্ট ছাড়াও ঐক্য ন্যাপের নেতারা সন্ধ্যা ৭টায় গণভবনে সংলাপে বসবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৫। **সবার মতামত নিয়েই গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষায় ব্যবস্থা :**
ইসলামী দলগুলোর সঙ্গে সংলাপে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সবার মতামত নিয়েই গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষায় কার্যকর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) গণভবনে ইসলামী দলগুলোর সঙ্গে আলোচনায় সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী এ কথা বলেন। ধর্মীয় শিক্ষা ব্যবস্থাসহ সার্বিক উন্নয়নে সরকারের টানা দুই মেয়াদের কর্মকাণ্ডের মূল্যায়ন দিয়ে আলোচনা শুরু করে তিনি বলেন, টানা দুই মেয়াদে ধর্মীয় শিক্ষা ব্যবস্থাসহ দেশের সার্বিক উন্নয়নে কাজ করেছে সরকার। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সরকারের সঙ্গে চলমান আলোচনার অংশ হিসেবে বেলা পৌনে ৩টার দিকে গণভবনে শুরু হয় ইসলামী ১২টি দল ও জোটের ৫২ নেতার সঙ্গে সংলাপ। প্রায় দুই ঘণ্টার বৈঠকে প্রত্যেকদলের নেতারা নিজ নিজ দাবি তুলে ধরেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৬। **ওয়ান ইলেভেন সরকার ইলেকশন না করার প্রস্তাব দিয়েছিল :**
বাম জোটের সঙ্গে সংলাপে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ওয়ান ইলেভেন সরকার আমাকে ইলেকশন না করার প্রস্তাব দিয়েছিল। বিনিময়ে একটি মর্যাদা দেওয়ার প্রস্তাব দেয় তারা। কিন্তু আমি, একটি কথা জোর দিয়ে বলেছি, নির্বাচন হবে, জনগণ যাকে চাইবে সেই ক্ষমতায় আসবে। গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) রাতে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে বাম গণতান্ত্রিক জোটের সঙ্গে আলোচনায় সূচনা বক্তব্যে তিনি আরো বলেন, আমরা যে উন্নয়নটা করতে পেরেছি,

গণতান্ত্রিক ধারা যদি অব্যাহত থাকে তাহলে সে উন্নয়নের ধারা অব্যাহত থাকবে। প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতার মাত্র সাড়ে তিন বছরের মাথায় বঙ্গবন্ধুকে হত্যা এবং সে অবস্থা থেকে বাংলাদেশকে মুক্তিযুদ্ধের চেতনায় ফিরিয়ে আনা

এটাই ছিল আমাদের লক্ষ্য। সবচেয়ে বড় কথা ছিল দেশের আর্থসামাজিক অবস্থার উন্নতি করা। প্রধানমন্ত্রীর সঙ্গে সংলাপে আট দলের সমন্বয়ে গঠিত বাম গণতান্ত্রিক জোটের ১৬ নেতা অংশ নেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৭)।

৭। সংলাপ নিয়ে প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আগামীকাল

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল (৮ নভেম্বর বৃহস্পতিবার) দুপুর সাড়ে ১২টায় গণভবনে সংবাদ সম্মেলনে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে যে আলোচনা হয়েছে তার সার সংক্ষেপ, ফলাফল ও সিদ্ধান্ত জানাবেন। সংলাপ নিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নেরও জবাব দেবেন তিনি। গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) গণভবনে সংবাদসম্মেলনে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৮। মানবকল্যাণে চাই নিরাপদ ইন্টারনেট : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ক্রমপ্রসারমান ডিজিটাল জগতকে মানুষ ও সমাজের কল্যাণে কাজে লাগাতে প্রয়োজন নিরাপদ, সহজলভ্য, বাকস্বাধীন, বিশ্বাসযোগ্য ও টেকসই ইন্টারনেট ব্যবস্থাপনা। গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরামের দিনব্যাপী ১৩তম বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রসারিত ডিজিটাল সমাজের জন্য ইন্টারনেট নিয়ন্ত্রণ নয়, ব্যবস্থাপনায় মনোযোগী হতে হবে। এজন্য ডিজিটাল বৈষম্য ঘুচিয়ে গণতন্ত্রায়ণ নিশ্চিত করতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫)।

৯। ৩৮ বছরের কাজ ৭ বছরে করেছি : পরিকল্পনামন্ত্রী
দশ বছরে গড় প্রবৃদ্ধি ৬.৭১ শতাংশ

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, স্বাধীনতার পর দেশের অর্থনীতির আকার ১০০ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হতে ৩৮ বছর লেগেছে। অথচ বর্তমান সরকার মাত্র সাত বছরে তা দ্বিগুণের বেশি করতে সক্ষম হয়েছে। বর্তমানে অর্থনীতির আকার ২৭৪ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। তিনি বলেন, সরকারি বিনিয়োগ জিডিপির ৫ দশমিক ৬ শতাংশ থেকে ৮ দশমিক ২ শতাংশে উন্নীত হয়েছে। বেসরকারি বিনিয়োগ ২০০৫-০৬ অর্থবছরে ৯৯ হাজার ২৭১ কোটি টাকা হলেও ২০১৬-১৭ অর্থবছরে তা প্রায় চারগুণ বেড়ে ৪ লাখ ৫০ হাজার ৭৩ কোটি টাকায় উন্নীত হয়েছে। ২০০১-০৬ সময়কালে জিডিপির প্রবৃদ্ধি ছিল গড়ে ৫ দশমিক ৪০ শতাংশ। গত ১০ বছরে গড়ে ৬ দশমিক ৭১ শতাংশ হারে জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। এখন প্রবৃদ্ধি ৭ দশমিক ৮৬ শতাংশে উন্নীত হয়েছে। জাতীয় সংসদ নির্বাচন-২০১৮ উপলক্ষে গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) কুমিল্লার লালমাইয়ে কুমিল্লা সদর দক্ষিণ, লালমাই ও নাঙ্গলকোট উপজেলা আওয়ামী লীগ আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

১০। সব দল চাইলে নির্বাচন পেছানো যেতে পারে : প্রধান নির্বাচন কমিশনার

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কেএম নুরুল হুদা বলেছেন, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ পেছানোর সুযোগ নেই। তবে সব রাজনৈতিক দল চাইলে নির্বাচনের তারিখ পেছানো যেতে পারে। গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট (ইটিআই) ভবনে এক প্রশিক্ষণ কর্মশালা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। অপর এক প্রশ্নের জবাবে সিইসি বলেন, ২০১৯ সালের ২৮ জানুয়ারির মধ্যে একাদশ জাতীয় নির্বাচন অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে, এ সময়ের মধ্যেই নির্বাচন হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

১১। ফেসবুক ও ইউটিউবে ধর্মীয় অপপ্রচার রোধে ধর্ম মন্ত্রণালয়ের উদ্যোগ

তথ্যপ্রযুক্তির মাধ্যমে ধর্মীয় অপপ্রচার রোধ করতে উদ্যোগী হয়েছে ধর্ম মন্ত্রণালয়। ফেসবুক ও ইউটিউবে বিকৃত এবং উগ্রধর্মীয় বক্তৃতার ভিডিও বার্তা রোধে নানা কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এজন্য ৪৬ কোটি ৭৮ লাখ টাকা ব্যয়ে 'ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতা বৃদ্ধিকরণ' প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। ধর্ম ও পরিকল্পনা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, ফেসবুক ও ইউটিউবে প্রচার-প্রচারণা ছাড়াও বিভিন্ন অ্যাপস ও কন্টেন্ট তৈরি করা হবে,

সেইসঙ্গে প্রচারণাও চালানো হবে। বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে পরামর্শ গ্রহণ করে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপপ্রচার রোধ করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

১২। ওয়াসার পানি পরীক্ষায় কমিটি গঠন : হাইকোর্টের রুল

রাজধানী ঢাকায় পাইপের মাধ্যমে সরবরাহকৃত ওয়াসার পানি পরীক্ষা করতে ৫ সদস্যের একটি কমিটি গঠন করে দিয়েছে হাইকোর্ট। আগামী ২ মাসের মধ্যে এ কমিটিকে আদালতে প্রতিবেদন জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। কমিটিতে স্থানীয় সরকার মন্ত্রণালয়, আইসিডিডিআরবি, ব্যুরো অভ্ রিসার্চ টেস্টিং অ্যান্ড কনসালটেশন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি অনুষদ এবং একই বিশ্ববিদ্যালয়ের মাইক্রো বায়োলজিক্যাল সায়েন্স বিভাগের একজন করে প্রতিনিধি রাখতে বলা হয়েছে। গতকাল (৬ নভেম্বর মঙ্গলবার) এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি খায়রুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। এছাড়াও নিরাপদ পানি সরবরাহে কর্তৃপক্ষের অবহেলা ও নিষ্ক্রিয়তাকে কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে হাইকোর্ট রুল জারি করেন। আগামী চার সপ্তাহের মধ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক, ওয়াসার এমডিসহ ৮ জনকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমুকাল** (পৃ.৪,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, নিউ নেশন** : সড়কে চলমান নৈরাজ্য নিয়ন্ত্রণে আনতে দীর্ঘমেয়াদি পরিকল্পনা সুদৃঢ় সংকল্প, লাগাতার চেষ্টা ও উদ্যোগ প্রয়োজন বলে অভিমত।

খ. **জনকণ্ঠ** : কর ফাঁকি রোধে করদাতা চিহ্নিতকরণে সনাতন ব্যবস্থা পরিহার করে অনলাইনভিত্তিক স্বয়ংক্রিয় তথ্য সংগ্রহের পাশাপাশি কর আদায়ব্যবস্থার সব ধরনের জটিলতা নিরসন করে কর প্রদান সহজ করার সুপারিশ।

গ. **সমকাল, সংবাদ, যায়যায়দিন, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট** : রাজধানী ঢাকা ও চট্টগ্রামের বিভিন্ন এলাকায় ইদানিং গৃহস্থালি গ্যাস সরবরাহে সংকট দেখা দেওয়ায় অবিলম্বে এলএনজি টার্মিনালের ত্রুটি সারিয়ে গ্যাস সরবরাহ স্বাভাবিক করার আহ্বান।

ঘ. **যুগান্তর** : সম্প্রতি নির্বাচন ঘিরে রাজনৈতিক অনিশ্চয়তায় বেসরকারিখাতে ঋণপ্রবাহে মন্দাভাব দেখা দেওয়ায় অংশগ্রহণমূলক সুষ্ঠু নির্বাচনের মধ্য দিয়ে এ অনিশ্চয়তা দূর করার প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **সংবাদ** : কিশোর সন্ত্রাস গ্যাংগুলোকে অঙ্কুরেই বিনাশ করতে আইনি ব্যবস্থার পাশাপাশি পরিবার ও সমাজের প্রচেষ্টা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

চ. **বণিক বার্তা** : বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ও সরকারকে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আধুনিকায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : নোয়াখালীর দাগনভূঁঞা পৌরসভায় যত্রতত্র ময়লা আবর্জনা ফেলায় জনদুর্ভোগের চিত্র তুলে ধরে পরিবেশ দূষণরোধে ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার আহ্বান।

জ. **ডেইলি সান** : রেলের মাধ্যমে অবৈধ অস্ত্র ও মাদক পরিবহণ বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে রেল ভ্রমণ নিরাপদ করতে অপরাধীদের সনাক্তকরণের ব্যবস্থা জোরদার করার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে** : মেয়েদের উত্যক্তকারী ও নির্যাতনকারীদের বিরুদ্ধে কঠোর আইনিব্যবস্থা গ্রহণের পাশাপাশি এদের বিরুদ্ধে ব্যাপক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

ঞ. **নিউ এজ** : শিল্পখাতে শ্রমিকদের কাজের নিরাপদ পরিবেশ নিশ্চিতকরণে ফ্যাক্টরি ইন্সপেকশন সিস্টেমকে শক্তিশালী করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আগামীতে সুষ্ঠু জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশের গণতন্ত্র ও উন্নয়ন হাত ধরাধরি করে চলুক এটাই জনগণের প্রত্যাশা।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'বিপন্ন পরিযায়ী পাখি ও আইনের প্রয়োগ'** শিরোনামের নিবন্ধে পরিযায়ী পাখিসহ অন্যান্য পাখি নিধন প্রতিরোধে বন্যপ্রাণী সংরক্ষণ আইন যথাযথভাবে বাস্তবায়ন ও প্রয়োগের ওপর গুরুত্বারোপ করা

হয়েছে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা